

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত
“নাগরিক সেবায় উদ্ভাবন”
বিষয়ক দুইদিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স, ১২-১৩ জুন ২০১৯ এর প্রতিবেদন

গত ১২-১৩ জুন ২০১৯ খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে “নাগরিক সেবায় উদ্ভাবন” বিষয়ক দুইদিন ব্যাপী একটি প্রশিক্ষণ কোর্স এর আয়োজন করা হয়। কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরী উক্ত প্রশিক্ষণ কোর্স এর উদ্বোধন করেন। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব চীফ ইনোভেশন অফিসার জনাব মুহাম্মদ আকবর হোসাইন। প্রশিক্ষক হিসেবে এটুআই এর ফ্যাসিলিটেটর জনাব আতিকুর রহমান উপস্থিত ছিলেন। এছাড়া কর্তৃপক্ষের সদস্যগণ এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে চেয়ারম্যান মহোদয় কর্তৃপক্ষের বিভিন্ন নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে এই প্রশিক্ষণ কোর্স হতে আরো উদ্ভাবনী ধারণা সৃজনের মাধ্যমে সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণের জন্য সকলকে উদ্বুদ্ধ করে কর্মশালার উদ্বোধন ঘোষণা করেন।



চিত্রঃ কর্তৃপক্ষে আয়োজিত “নাগরিক সেবায় উদ্ভাবন” বিষয়ক দুইদিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স

দুইদিন ব্যাপী অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সে কর্তৃপক্ষের ১৫ জন কর্মকর্তা প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। কর্তৃপক্ষের সেবাদান প্রক্রিয়ার উপর উদ্ভাবনী ধারণা সৃজন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে ১৫ জন প্রশিক্ষণার্থীকে ৩ টি গ্রুপে বিভক্ত করা হয়। উক্ত গ্রুপ ৩টি ২দিনের দলীয় কাজ সম্পাদনের মাধ্যমে ৩টি উদ্ভাবনী ধারণা সৃজন ও বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করতে সক্ষম হয়। উদ্ভাবনী ধারণা ৩টির শিরোনামঃ

১. অন-লাইন পারমিট কনসালটেন্সি,
২. টিএ/ডিএ বিল প্রাপ্তি সহজীকরণ,
৩. অন-লাইনে আর.সি.ও. (রেডিয়েশন কন্ট্রোল অফিসার) এর পরীক্ষার আবেদন।

কর্মশালা শেষে পর্যালোচনা ও সমাপনী অনুষ্ঠানে ৩টি গ্রুপ হতে উক্ত ধারণা উপস্থাপন করা হয় এবং চেয়ারম্যান মহোদয় ও উপস্থিত সদস্য মহোদয়গণ এই বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। পরবর্তীতে চেয়ারম্যান মহোদয় প্রস্তাবিত ধারণাসমূহ বাস্তবায়ন এবং এধরণের প্রশিক্ষণ কোর্স ভবিষ্যতে আরো চলমান রাখার আহবান জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।